

## 💵 আল-ফিকহুল আকবর

বিভাগ/অধ্যায়ঃ মুরজিয়া মতবাদ, নেক আমল, মুজিযা-কারামত, আখিরাত, ঈমান-ইসলাম ও অন্যান্য প্রসঙ্গ রচয়িতা/সঙ্কলকঃ ড. খোন্দকার আনুল্লাহ জাহাঙ্গীর (রহ.)

## ৫. ২. ৩. ৪. কারামত বর্ণনায় সনদ যাচাই না করা

কেউ কেউ মনে করেন, 'ওলীদের কারামত সত্য'-এ কথার অর্থ ওলীদের নামে যা কিছু অলৌকিক কথা বলা হবে সবই সত্য মনে করতে হবে। কথাটি জঘন্য ভুল। বিশুদ্ধ সনদ ছাড়া কোনো বর্ণনা গ্রহণযোগ্য নয়। জাল হাদীসের মত অর্গণিত 'জাল' কারামত ওলীদের নামে সমাজে ছড়ানো হয়েছে। ইমাম তাহাবী এ বিষয়ে বলেন:

وَلا نُفَضِيِّلُ أَحَدًا مِنَ الأَوْلِيَاءِ عَلَى أَحَدٍ مِنَ الأَنْبِيَاءِ عَلَيْهِمُ السَّلام، وَنَقُولُ: نَبِيُّ وَاحِدٌ أَفْضَلُ مِنْ جَمِيعِ الأَوْلِيَاءِ. وَنُوَّمِنُ بِمَا جَاءَ مِنْ كَرَامَاتِهِمْ، وَصَحَ عَنِ التِّقَاتِ مِنْ رِوَايَاتِهِمْ.

"আমরা কোনো ওলীকে কোনো নবীর উপর প্রাধান্য দেই না। বরং আমরা বলি: একজন নবী সকল ওলী থেকে শ্রেষ্ঠ। তাদের যে সকল কারামত নির্ভরযোগ্য ও বিশ্বস্ত রাবীদের মাধ্যমে সহীহ সনদে বর্ণিত হয়েছে তা আমরা বিশ্বাস করি।"[1]

## ফুটনোট

[1] তাহাবী, মাতনুল আকীদাহ আত-তাহাবিয়্যাহ, পূ. ১৯।

Source — https://www.hadithbd.com/books/link/?id=7244

🚨 হাদিসবিডির প্রজেক্টে অনুদান দিন